বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৩৩

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০৯ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

**বিষয়: বিএসইসি ও বিডা'র যৌথ উদ্যোগে চীনের বেইজিংয়ে 'Summit on trade, business and investment opportunities between Bangladesh and China' শীর্ষক সামিট।**

আজ ০৯ জুলাই ২০২৪ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর যৌথ উদ্যোগে এবং চীনের বেইজিংয়ে অবস্থিত বাংলাদেশ দূতাবাস, ঢাকাস্থ চীনের দূতাবাস, China Council for the Promotion of International Trade (CCPIT) ও China Chamber of International Commerce (CCOIC) এর সহযোগিতায় চীনের বেইজিংয়ের Shangri-La circle হোটেলের China World Summit Wing-এ 'Summit on trade, business and investment opportunities between Bangladesh and China' শীর্ষক একটি সামিট আয়োজন করা হয়। উক্ত সামিটে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উল্লেখ্য যে, বৈশ্বিক ব্যবসায়ীদের নিকট বাংলাদেশের পুঁজিবাজার এবং বিভিন্ন দেশের সাথে পারস্পারিক বাণিজ্য ও বিনিয়োগের সুযোগ তুলে ধরার লক্ষ্যে বিশ্বের বিভিন্ন দেশে ধারাবাহিকভাবে 'বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট' এর আয়োজন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় চীনের বেইজিংয়ের উক্ত সামিট আয়োজন করা হয়, যার প্রধান আলোচ্যসূচি ছিল ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ ও বিদেশী বিনিয়োগের জন্য বাংলাদেশকে একটি আকষণীয়, সহজতর ও লাভজনক দেশ হিসেবে চীনের ব্যবসায়ীদের নিকট তুলে ধরা। উল্লেখ্য, শেনজেন স্টক এক্সচেঞ্জ লিমিটেড(SZSE) ও সাংহাই স্টক এক্সচেঞ্জ লিমিটেড(SSE) কৌশলগত অংশীদার হিসেবে বাংলাদেশের ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসিতে বিনিয়োগ করে ডিএসই'র ২৫% শেয়ার ধারণ করেছে। কৌশলগত অংশীদার হিসেবে ইতোমধ্যে ডিএসই এর বিভিন্ন প্রযুক্তিগত অবকাঠামো উন্নয়নে শেনজেন স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও সাংহাই স্টক এক্সচেঞ্জ লিমিটেড কাজ করছে, যার মধ্যে ডিএসই'র ভি-নেক্সট প্ল্যাটফর্ম(V-Next Platform) অন্যতম। এই ভি-নেক্সট প্ল্যাটফর্ম(V-Next Platform) এর মাধ্যমে স্টক এক্সচেঞ্জ-এ কোনরকম তালিকাভুক্তি ছাড়াই স্টার্টআপ ও এসএমই কোম্পানি দেশী-বিদেশী বিনিয়োগকারীদের নিকট শেয়ার বিক্রয় করার প্রস্তাব করে মূলধন উত্তোলন করতে পারে। এই শেয়ার বিক্রয় প্রস্তাব ভি-নেক্সট প্ল্যাটফর্ম এর মাধ্যমে চীনের স্টক এক্সচেঞ্জ এর মাধ্যমে চীনসহ অন্যান্য দেশের বিনিয়োগকারীর কাছে পৌছাতে পারে।

চীনের বেইজিংয়ে স্থানীয় সময় সকাল ১০:৩০ টায় সামিটের উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই সামিটটি বাংলাদেশ ও চীনের মধ্যে অংশীদারিত্বকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুষ্ঠানের প্রধান অতিথির ভাষণে বাণিজ্য, বিনিয়োগ, শিক্ষা, সংস্কৃতি এবং পর্যটনের মতো বিষয়ে চীনের সাথে দ্বিপাক্ষিক সম্পর্ক ও সহযোগিতার বিভিন্ন দিক তুলে ধরেন। পাশাপাশি তিনি তথ্যপ্রযুক্তি, পর্যটন, কৃষি ও কৃষি-প্রক্রিয়াজাতকরণ শিল্প, রিয়েল স্টেট, নবায়নযোগ্য জ্বালানি, বর্জ্য ব্যবস্থাপনা, গ্রিন টেকনোলজি, টেক্সটাইলসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ ও সম্ভাবনাময় খাতে ব্যবসায় সম্প্রসারণ তথা বিনিয়োগের আহ্বান করেন এবং চীনের বিনিয়োগকারীদের বাংলাদেশে গড়ে তোলা হাইটেক পার্ক ও বিশেষ অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগের প্রস্তাব দেন। এসময় বাংলাদেশের সস্তা ও দক্ষ জনশক্তি এবং আইটি ফ্রিল্যান্সারের কথা

উল্লেখ করেন তিনি। ২০৪১ সালে উন্নত-সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ গড়তে সরকারের বিভিন্ন পদক্ষেপ ও পরিকল্পনার কথা তুলে ধরেন তিনি। বাংলাদেশের বিনিয়োগ পরিবেশ সহজ ও সুন্দর করতে সরকারের নেওয়া নানাবিধ উদ্যোগের কথা জানিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশকে বিশ্বের সবচেয়ে আকর্ষণীয় বিনিয়োগ গন্তব্য লোর একটিতে পরিণত করাই আমাদের লক্ষ্য। তিনি চীনের বিনিয়োগকারীদের বাংলাদেশে পোর্টফোলিও বিনিয়োগের আহ্বান জানান। তিনি বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়নে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) নিরলসভাবে কাজ করছে বলে জানান। সাম্প্রতিক সময়ে পুঁজিবাজারে উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে বলে জানান তিনি। এছাড়াও সাম্প্রতিক সময়ে ডেরিভেটিভস মার্কেট ও বলিষ্ঠ বন্ড মার্কেট উন্নয়নের বিষয়টি বিশেষভাবে উল্লেখ করেন তিনি।

উক্ত সামিটে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর নির্বাহী চেয়ারম্যান জনাব লোকমান হোসেন মিয়া। উক্ত সামিটে আরো বক্তব্য রাখেন গণপ্রজাতন্ত্রী চীনে বাংলাদেশের মাননীয় রাষ্ট্রদূত জনাব মোঃ জসীম উদ্দিন, বাংলাদেশে গণপ্রজাতন্ত্রী চীনের মাননীয় রাষ্ট্রদূত জনাব Yao Wen, হুয়াওয়ে (Huawei) এর এশিয়া প্যাসিফিক অঞ্চলের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জনাব Simon Lin, HSBC China এর প্রেসিডেন্ট ও সিইও জনাব Mark Wang এবং Chinese Communication and Construction Group Co. Ltd (CCCC) এর চেয়াম্যান জনাব Wang Tongzhou।

বিএসইসির চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম উক্ত অনুষ্ঠানে 'Trade, Business and Investment Opportunities between Bangladesh and China' শীর্ষক প্রেজেন্টেশন উপস্থাপন করেন। তিনি বাংলাদেশের সামষ্টিক অর্থনৈতিক বিভিন্ন সূচক যেমনঃ উচ্চ জিডিপি প্রবৃদ্ধির হার, বৃহৎ দেশীয় বাজার, ডেমোগ্রাফিক ডিভিডেন্ড, দক্ষ জনবল, রাজনৈতিক স্থিতিশীলতা প্রভৃতি উল্লেখপূর্বক বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রা এবং সম্ভাবনার বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের প্রসংশা করেন এবং মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বের বলে বাংলাদেশ উন্নত-সমৃদ্ধ দেশ হওয়ার পথে এগিয়ে চলেছে বলে মন্তব্য করেন তিনি। একইসাথে তিনি বাংলাদেশের পুঁজিবাজারের দৃঢ় ও সম্ভাবনাময় অবস্থানের চিত্র তুলে ধরে পুঁজিবাজারকে দীর্ঘমেয়াদী অর্থায়নের প্রধান উৎস করার জন্য ক্রমাগত উন্নয়নের নিমিত্ত বিএসইসি কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ উল্লেখ করেন এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি অন্যান্যের মধ্যে বলেন, বাংলাদেশে চীনা ব্যবসায়ীদের বিনিয়োগে বিশাল সম্ভাবনা রয়েছে। চীনা বিনিয়োগের জন্য বাংলাদেশই সঠিক জায়গা।

উক্ত সামিটে Guest of Honor হিসেবে বক্তব্য রাখেন গণপ্রজাতন্ত্রী চীন সরকারের মাননীয় ভাইস মিনিস্টার অব কমার্স H.E. Mr. Li Fei। একইসাথে সামিটে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা জনাব সালমান ফজলুর রহমান এমপি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী এমপি। এছাড়াও উক্ত অনুষ্ঠানে ধন্যবাদ বক্তব্য রাখেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সম্মানীত সচিব জনাব মোঃ আবদুর রহমান খান এফসিএমএ।

উক্ত অনুষ্ঠানে 'Panel Discussion between Bangladesh and China business leaders' শীর্ষক একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। 'বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (BASIS)' এর প্রেসিডেন্ট জনাব রাসেল টি. আহমেদ, বাংলাদেশের জাতীয় সংসদের সংসদ সদস্য জনাব কাজী নাবিল আহমেদ, 'ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই)' এর প্রেসিডেন্ট জনাব মাহবুবুল আলম, Tiger New Energy এর CEO Ms. Nicole

Mao, 'বাংলাদেশ-চায়না চেম্বারস অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ' এর সেক্রেটারি জেনারেল জনাব আল মামুন মৃধা এবং CBC Finance এর Mr. Leo উক্ত প্যানেল আলোচনায় অংশগ্রহণ করেন। প্যানেল আলোচনায় আলোচকবৃন্দ বাংলাদেশের বিভিন্ন খাতে ব্যবসা ও বিনিয়োগের সুযোগ ও সম্ভাবনা নিয়ে আলোচনা করেন।

উক্ত সামিট অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে মোট ১৮টি সমঝোতা স্মারক বিনিময় হয় যার মধ্যে নগদ ও হুয়াওয়ে (Huawei) টেকনোলজির মধ্যকার, চায়না রোড অ্যান্ড ব্রিজ করপোরেশন (সিআরবিসি) ও নিংবো সিক্সিং কোম্পানি লিমিটেডের মধ্যকার, বিলিয়ন ১০ কমিউনিকেশন লিমিটেডে ও সিএইচটিসি (হেংইয়াং) ইন্টেলিজেন্ট ইভি কোম্পানি লিমিটেডের মধ্যকার, বিলিয়ন ১০ কমিউনিকেশন ও নিংবো সান ইস্ট সোলার কো. লিমিটেডের মধ্যকার, ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন পিএলসি ও শিঝুয়াং এনরিক গ্যাস ইকুইপমেন্ট কো. লিমিটেডের (সিআইএসমসি এনরিক) মধ্যকার এবং দেশবন্ধু গ্রুপ, Chemtex ও China Chemical CNCEC এর মধ্যকার সমঝোতা স্মারক অন্যতম। এছাড়াও সামিটে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণ বিষয়ক ৬টি ব্রেক আউট সেশন অনুষ্ঠিত হয়, যথা: ১) Upgrading Infrastructure: Paving for Development and Connectivity, ২) Towards Smart Bangladesh: Smart Technology & Communication, ৩) Accelerating the Energy Transition, ৪) Boosting Trade, Business and Investment, ৫) Creating Opportunities in Agriculture and Agro-processing, ৬) Advancing Benchmark in Textile and Leather।

প্রায় সাত'শ এর বেশি অংশগ্রহণকারীর উপস্থিতিতে চীনে এই সফল সামিটটি আয়োজনের ফলশ্রুতিতে চীন ও পার্শ্ববর্তী দেশগুলোতে বাংলাদেশের বৈদেশিক ব্যবসা-বাণিজ্যের ব্যাপক সম্প্রসারণ হবে বলে উপস্থিত বিশেষজ্ঞগণ আশাবাদ ব্যক্ত করেন। উল্লেখ্য যে, চার দিনের রাষ্ট্রীয় সফরে চীনে রয়েছেন বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

০৯-০৭-২০২৪

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


BENGAL TIGER
Bangladesh Investment Development Authority
BIDA
THE RISE OF BENGAL TIGER




THE RISE OF BENGAL TIGER
THE RISE OF BENGAL TIGER:
SUMMIT ON TRADE, BUSINESS AND INVESTMENT
OPPORTUNITIES BETWEEN BANGLADESH AND CHINA
Chief Guest
HER EXCELLENCY SHEIKH HASINA
Honorable Prime Minister, Government of the People's Republic of Bangladesh
July 09, 2024 | China World Summit Wing, Beijing
GLOBAL AND
REGIONAL
THE RISE OF BENGAL TIG


THE RISE OF BENGAL TIGER
THE RISE OF BENGAL TIGER:
SUMMIT ON TRADE, BUSINESS AND INVESTMENT
OPPORTUNITIES BETWEEN BANGLADESH AND CHINA
Chief Guest
HER EXCELLENCY SHEIKH HASINA
Honorable Prime Minister, Government of the Peoples Republic of Bangladesh
July 09, 2024 | China World Summit Wing, Beijing